গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

পরিকল্পনা-২ শাখা

বিষয়: "এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) (ফেজ-২)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটি (পি.এস.সি.)'র সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহবুব হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ১৩ জুলাই ২০২১ |
| সভার সময় | ১২:১১ মিনিট |
| স্থান | জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | নিম্নরূপ: |

সভায় অংশগ্রহণকারীবৃন্দের তালিকা নিম্নরূপ:

১. জনাব মো: বেলায়েত হোসেন তালুকদার, অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

২. জনাব কাজী মনিরুল ইসলাম, অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণলয়।

৩. জনাব হাবিবুর রহমান, মহাপরিচালক, ব্যানবেইস।

৪. জনাব ইসরাত জাহান তসলিম, যুগ্ম প্রধান, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, আগারগাঁও, ঢাকা।

৫. জনাব আমজাদ হোসেন, যুগ্ম প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা।

৬. জনাব আব্দুল্লাহ আল মামুন, পরিচালক, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।

৭. জনাব মুহাম্মদ জহুরুল ইসলাম, উপসচিব (পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৮. জনাব তনিমা তাসমিন, উপসচিব, বাজেট-২ অধিশাখা, অর্থ বিভাগ।

৯. কাজী শাহজাহান, উপসচিব (সচিবের একান্ত সচিব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণলয়।

১০. জনাব মো: ফজলুর রহমান, সিনিয়র সহকারী সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

১১. জনাব মো: মোফাখখারুল ইসলাম, উপ প্রকল্প পরিচালক, "এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) (ফেজ-২)" শীর্ষক প্রকল্প।

১২. মোল্লা মোহাম্মদ আনিসুজ্জামান, উপসচিব (পরিকল্পনা-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

২.০ প্রারম্ভিক আলোচনা

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির আহবানে উপসচিব (পরিকল্পনা অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ জানান যে, ব্যানবেইস কর্তৃক বাস্তবায়নাধীন মোট ৮৪৫৪২.৫৬ লক্ষ টাকা (জিওবি: ২৫২৪৫.৪০ লক্ষ এবং প্রকল্প সাহায্য: ৫৯২৯৭.১৬ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় সম্পন্ন আলোচ্য "এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) (ফেজ-২)" শীর্ষক প্রকল্পের প্রধান কার্যক্রম হলো: ১৬০টি উপজেলায় ব্যানবেইস এর লোকাল সার্ভিস সেন্টার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসসহ আইসিটি ট্রেনিং ও রিসোর্স সেন্টার স্থাপনের নিমিত্ত চারতলা ফাউন্ডেশনসহ দোতলা ভবন নির্মাণ; ১৬০টি উপজেলায় কম্পিউটার, সার্ভার, নেটওয়ার্কিং, জেনারেটর ও ইন্টারনেট সংযোগ ইত্যাদি দ্বারা একটি স্বয়ংসম্পূর্ণ আইসিটি ল্যাব এবং সাইবার সেন্টারসহ রিসোর্স সেন্টার স্থাপন; স্থানীয় পর্যায়ে ১ লক্ষ ৮০ হাজার মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষকদেরকে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান; শিক্ষক/কর্মকর্তাদের দেশে-বিদেশে প্রশিক্ষণ; ব্যানবেইসে ডিজিটাল মাল্টিমিডিয়া সেন্টারের (ডিএমসি) অধিকতর উন্নয়নের

জন্য ই-লার্নিং সফটওয়ার এবং যন্ত্রপাতি স্থাপন এবং ব্যানবেইসের বিদ্যমান ইএমআইএস আপগ্রেড। প্রকল্পটির অনুমোদিত মেয়াদ ২০১৭ হতে এপ্রিল ২০২২ পর্যন্ত। প্রকল্পের ২০২০-২১ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা অর্জন অগ্রগতি পর্যালোচনার জন্য এ সভা আহবান হয়েছে।

৩.০ বিস্তারিত আলোচনা

৩.১ প্রকল্প পরিচালক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে, জুন ২০২১ পর্যন্ত মোট আর্থিক অগ্রগতি ২২২৯.৪৫ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৮৮৭.৯২ লক্ষ এবং প্রকল্প সাহায্য ১৩৪১.৫৩ লক্ষ টাকা। একই সময়ে বাস্তব অগ্রগতি অর্জিত হয়েছে ২২%। প্রকল্পের অনুকূলে ২০২০-২০২১ অর্থ বছরে ব্যয়যোগ্য আর.এ.ডি.পি. বরাদ্দ ছিল ১০৫৫০.০০ লক্ষ টাকা (জিওবি ৫০.০০ লক্ষ এবং পিএ ১০৫০০.০০ লক্ষ) যার মধ্যে জিওবি অংশে ব্যয় হয়েছে ৩২.৭০ লক্ষ টাকা।

৩.২ ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ-তে প্রদত্ত লক্ষ্যমাত্রা ও অর্জিত অগ্রগতি উপস্থাপন করে তিনি বলেন যে, ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ-তে আলোচ্য প্রকল্পের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়, ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি হতে হবে ২০%। অত:পর তিনি ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতির নিম্নরুপ বিবরণ সভায় তুলে ধরেন:

৩.২.১ ঋণ চুক্তি অনুযায়ী প্রকল্পের কাজে সহায়তা এবং কার্যক্রম মনিটরিংয়ের জন্য কোরিয়ান কনসালটিং ফার্ম DB Inc এর সাথে ১০/১২/২০১৮ তারিখ চুক্তি স্বাক্ষর করা হয়েছে;

৩.২.২ উপজেলা পর্যায়ে নির্মিতব্য "ভবনের নক্সা" মাননীয় প্রধানমন্ত্রী ০৮/১২/২০১৯ তারিখে সদয় অনুমোদন জ্ঞাপন করেছেন;

৩.২.৩ উপজেলা পরিষদ কর্তৃক ১৬০টি উপজেলায় বরাদ্দকৃত জমি ও স্থান নির্বাচন চূড়ান্ত করার পর সরকারি প্রতিষ্ঠান হাউজ বিল্ডিং রিসার্স ইন্সটিটিউট (HBRI) কর্তৃক স্থানিক জরিপ ও মাটি পরীক্ষার কাজ সম্পন্ন করা হয়েছে;

৩.২.৪ ১৬০টি উপজেলায় আইসিটি ট্রেনিং ও রিসোর্স সেন্টার স্থাপনের নিমিত্ত চারতলা ফাউন্ডেশনসহ দোতলা ভবন নির্মাণ, আইসিটি ল্যাব ও সাইবার সেন্টার স্থাপন, ইলার্নিং কনটেন্ট তৈরি এবং দেশে-বিদেশে শিক্ষক/কর্মকর্তা প্রশিক্ষণ এবং ডিএমসি ও ইএমআইএস আপগ্রেডেশনের কাযক্রম বাস্তবায়নের লক্ষে কোরিয়া এক্সিম ব্যাংক এবং সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন গ্রহণ করে কোরিয়ান মেইন প্রকিউরমেন্ট কোম্পানি নিয়োগের জন্য ১৯/৫/২০২১ তারিখ Notification of Award প্রদান করা হয়েছে।

৩.৩ প্রকল্প পরিচালক উপরে বিবৃত প্রকল্পের বাস্তব অগ্রগতির পরিমাণকে ২২% হিসেবে উল্লেখ করে নিম্নরুপ বিভাজন তুলে ধরেন:

| ক্র. নং | কাজের বিবরণ | শতকরা হার |
|---|---|---|
| ১. | কনসালটিং ফার্ম DB Inc নিয়োগ | ৩% |
| ২. | নির্মিতব্য "ভবনের নক্সা" মাননীয় প্রধানমন্ত্রী'র সদয় অনুমোদন | ১% |
| ৩. | HBRI কর্তৃক ১৬০টি উপজেলায় স্থানিক জরিপ ও মাটি পরীক্ষার কাজ সম্পন্ন | ৮% |
| ৪. | কোরিয়ান মেইন প্রকিউরমেন্ট কোম্পানি নিয়োগের NoA প্রদান | ১০% |
| | মোট | ২২% |

৩.৪ সভায় অংশগ্রহণকারী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিগণ এ বিষয়ে একমত পোষণ করেন। সভায় এ বিষয়ে সন্তোষ প্রকাশ করে প্রকল্প কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং অগ্রগতির এই ধারা অব্যাহত রাখার জন্য প্রকল্প কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।

৩.৫ সভাপতি উপস্থাপিত অগ্রগতির প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা অনুযায়ী প্রণয়ন করে দুই দিনের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এপিএ সংশ্লিষ্ট শাখায় প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

৪.০ সিদ্ধান্ত